# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৮৮১

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয়ের শর্তসমূহ

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَقَالَ مُسْلِمًا أقاله اللَّهُ عَثْرَتَهُ يَوْمَ الْقِيَامَةِ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَابْنُ مَاجَهْ
وَفِي «شَرْحِ السُّنَّةِ» بِلَفْظِ «الْمَصَابِيحِ» عَنْ شُرَيْحٍ الشَّامِي مُرْسلا

### বাংলা

২৮৮১-[৭] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি মুসলিম ভাইয়ের ক্রয়-বিক্রয় ভঙ্গ করবে (ফেরত দিবে), কিয়ামত দিবসে আল্লাহ তা’আলা তার গুনাহসমূহ ক্ষমা করে দিবেন। (আবূ দাঊদ ও ইবনু মাজাহ)[1]

এ হাদীসটি শারহুস্ সুন্নাহ্-এর মধ্যে মাসাবীহের শব্দ দ্বারা শুরাইহ, শামী মুরসাল হিসেবে বর্ণনা করেছেন।

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৩৪৬০, ইবনু মাজাহ ২১৯৯, সহীহ ইবনু হিব্বান ৫০৩০, ইরওয়া ১৩৩৪, সহীহ আল জামি‘ ৬০৭১, সহীহ আত্ তারগীব ১৭৫৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নগদ প্রয়োজনের ক্ষেত্রে বলেছেন, (إقالة البيع) বা বিক্রয় ভঙ্গ করার পদ্ধতি হলো, যখন কোনো ব্যক্তি কারো কাছে থেকে কিছু ক্রয় করল, অতঃপর সে চিন্তিত হয়ে পড়ল ক্রয়ের ব্যাপারে। হয়ত তা প্রতারণার আশংকায় কিংবা তার ওই পণ্যের প্রয়োজন না থাকায় অথবা মূল্য না থাকায় আত্ম-প্রবঞ্চনায় লজ্জিত হয়ে বিক্রেতাকে উক্ত পণ্য ফেরত দিল এবং বিক্রেতা তা গ্রহণ করল। আল্লাহ তা‘আলা প্রতিদানে তার জটিলতা দূর করে দিবেন কিয়ামতের দিন। কারণ তার (বিক্রেতা) পক্ষ হতে ক্রেতার ওপর ইহসান করা হয়েছে। কেননা বিক্রিত পণ্য বিক্রেতা ফেরত না নিলে তা ক্রেতার পক্ষে ফেরত দেয়া সম্ভব ছিল না। (‘আওনুল মা‘বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৪৫৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68208

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন